গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা–২ (সেবা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয় ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে কর্মসূচি প্রণয়ন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ মোস্তফা কামাল
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়।

সভার তারিখ ঃ ০৭-০৩-২০২৩ খ্রি:

সময় ঃ সকাল ১১.০০টা

স্থান ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা ঃ পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত করে সভার কার্যক্রম শুরু করেন। সভার সূচনায় সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানান এবং মহান মুক্তিযুদ্ধে সকল বীর মুক্তিযোদ্ধার অবদান শ্রদ্ধার সাথে স্মরণ করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব(প্রশাসন) ১৭মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচি সম্পর্কে সকলকে অবহিত করেন। ১৭মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে স্ব-স্ব উদ্যোগে উদ্‌যাপনের বিষয়ে গুরুত্বারোপ করেন।

০২। সভায় উপস্থিত সকল সদস্যের আলোচনা-মতামতের ভিত্তিতে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ কর্মসূচি গ্রহণ করা হয়ঃ

| ক্রমিক | আলোচ্য বিষয় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | পতাকা উত্তোলন | সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে সূর্যোদয়ের সাথে সাথে পতাকা বিধি অনুসারে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ২. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন | জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে ১৭ মার্চ সকাল ৯.০০ ঘটিকায় বিআইডব্লিউটিসি এর প্রধান কার্যালয়, ঢাকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করা হবে। | নৌপরিবহন মন্ত্রণালয়, বিআইডব্লিউটিসি ও ঢাকাস্থ সকল দপ্তর/সংস্থা |
| ৩. | আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান | বিষয়ঃ ***"স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে বঙ্গবন্ধুর জন্মদিন"*** স্থানঃ **বিআইডব্লিউটিএ'র মুক্তিযোদ্ধা স্মৃতি মিলনায়তন, মতিঝিল, ঢাকা।** তারিখ ও সময়: ১৭ মার্চ সকাল ১০.০০ ঘটিকায়। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা ও নৌপরিবহন মন্ত্রণালয় |

C:\Users\MOS-Admin\Desktop\jeme\রেজুলেশন\17ই মার্চ.docx

| | | | |
|---|---|---|---|
| | | প্রধান অতিথিঃ **মাননীয় প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়।**<br>প্রধান আলোচক: **প্রতিমন্ত্রী মহোদয়ের সাথে আলোচনা করে নির্ধারণ করা হবে।** | |
| ৪. | আলোকসজ্জা | জাতির পিতা এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে স্ব-স্ব প্রতিষ্ঠান কর্তৃক নিজ ব্যবস্থাপনায় সীমিত আকারে আলোকসজ্জা করা যেতে পারে, অপচয় যাতে না হয় সেদিকে খেয়াল রাখতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৫. | মোনাজাত/প্রার্থনা | দপ্তর/সংস্থার আওতাধীন মসজিদে/ধর্মীয় উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনার আয়োজন করা হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৬. | উন্নতমানের খাবার পরিবেশন/বিতরণ | নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন প্রশিক্ষণ কেন্দ্রে/হাসপাতাল/চিকিৎসা কেন্দ্রে উন্নতমানের খাবার সরবরাহ/পরিবেশন এর ব্যবস্থা করতে হবে। বন্দর শ্রমিক ও নৌযান শ্রমিকদের উন্নতমানের খাবার বিতরণ করা হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৭. | শিক্ষার্থীদের অংশগ্রহণে ক্রীড়া প্রতিযোগিতাসহ বিভিন্ন প্রতিযোগিতা আয়োজন | মেরিন একাডেমি ও ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটসহ যে সকল দপ্তর-সংস্থার অধীন স্কুল, কলেজ, মাদ্রাসা রয়েছে তাদের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, ক্রীড়া অনুষ্ঠান, টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্ট, নৌকা বাইচ (বরিশালে), ফুটবল, কাবাডি ও হা-ডু-ডু খেলার আয়োজন এবং দপ্তর-সংস্থার অধীন শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পর্যায়ে মুক্তিযুদ্ধ ভিত্তিক রচনা ও আবৃত্তি প্রতিযোগিতা, শিশু বক্তার অংশগ্রহণে ভাষণ প্রতিযোগিতা আয়োজন করা হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ৮. | শিক্ষা-প্রতিষ্ঠানে আলোচনা সভা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা | জাতির পিতা এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে সকল শিক্ষা-প্রতিষ্ঠানে শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের নিয়ে আলোচনা সভা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার ব্যবস্থা করা হবে এবং শিক্ষার্থীদের নিকট বঙ্গবন্ধুর জীবন ও কর্ম তুলে ধরাসহ ডকুমেন্টারি প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হবে। | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মোংলা বন্দর কর্তৃপক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, মেরিন একাডেমি |
| ৯. | রক্তদান কর্মসূচি | স্ব স্ব ব্যবস্থাপনায় রক্তদান কর্মসূচি গ্রহণ করা হবে। রক্তদান কর্মসূচির সময় চিকিৎসক, প্রাথমিক চিকিৎসা সরঞ্জামসহ সকল প্রকার সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ও মেরিন একাডেমি |
| ১০. | বিবিধ | দিবসটি উদযাপনের লক্ষ্যে নির্ধারিত প্রতিপাদ্য<br>*" স্মার্ট বাংলাদেশের স্বপ্নে বঙ্গবন্ধুর জন্মদিন শিশুদের চোখ সমৃদ্ধির স্বপ্নে রঙিন"*<br><br>সকল অনুষ্ঠানে এবং অনুষ্ঠান-সংশ্লিষ্ট সকল দাপ্তরিক রেকর্ডপত্রে ব্যবহার করতে হবে। আয়োজনসমূহের ক্ষেত্রে উৎসবমুখর পরিবেশে শিশুদের উপস্থিতি ও অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। পুষ্পস্তবক অর্পণ কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে প্রশাসন অনুবিভাগ উপকমিটি গঠনসহ কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে দায়িত্ব বন্টনের উদ্যোগ গ্রহণ করবে। | সকল দপ্তর/সংস্থা |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ০৯-০৩-২০২৩
মোঃ মোস্তফা কামাল
সচিব

নং-১৮.০০.০০০০.০১৬.২৩.০০৪.২০২২-৭৩৫

তারিখঃ ২৭ ফাল্গুন, ১৪২৮
১২মার্চ, ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। অতিরিক্ত সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। চেয়ারম্যান, জানরক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/চবক/মোবক/পাবক/বাস্থবক।
৩। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৫। যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, চট্টগ্রাম/বরিশাল সদর বরিশাল/বেড়া,পাবনা/পীরগঞ্জ, রংপুর/সিলেট।
৮। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।
৯। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
১০। সিনিয়র সহকারী সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সহকারী সচিব (সকল) নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১২.৩.২৩
(মো: আলাউদ্দিন)
সহকারী সচিব (প্রশাসন-২)
ফোন: ৫৫১০০৬৩৮
sas.admin1@mos.gov.bd

C:\Users\MOS-Admin\Desktop\jeme\রেজুলেশন\17ই মার্চ.docx